নোয়াখালীতে আট ইউপি চেয়ারম্যানের কক্ষে তালা দিল যুবদল-ছাত্রদল



ছবি: সংগৃহীত

নোয়াখালীর চাটখিল উপজেলায় আটটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কক্ষে তালা দিয়েছেন যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) পর্যায়ক্রমে এসব কার্যালয়ে তালা দেওয়া হয়। এ সময় সেবা নিতে আসা সাধারণ মানুষ ও কর্মচারীদের বের করে দেওয়ার অভিযোগও উঠেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, চেয়ারম্যানরা কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সমর্থক হওয়ায় রাজনৈতিক ক্ষোভ থেকে এ ঘটনা ঘটেছে। কয়েকটি পরিষদে 'ওপরের নির্দেশ' রয়েছে বলে জানিয়ে তালা দেওয়া হয়।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে পাঁচগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ মাহমুদ হোসেনের কক্ষে তালা দেন নেতাকর্মীরা। দুপুরে নোয়াখলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ মানিককেও কার্যালয় ছাড়তে বলা হয়। পরে তিনি কক্ষে তালা দিয়ে বেরিয়ে গেলে সেখানে আরেকটি তালা ঝুলিয়ে দেওয়া হয়।

চাটখিল উপজেলা বিএনপির আহ্বায়ক অ্যাডভোকেট আবু হানিফ বলেন, সন্ধ্যার দিকে তিনি বিষয়টি শুনেছেন। খোঁজখবর নিয়ে জেলার নেতাদের সঙ্গে আলোচনা করবেন। তাঁর অভিযোগ, দায়িত্বে থাকা চেয়ারম্যানদের বিরুদ্ধে ফ্যাসিস্টদের অর্থায়নের অভিযোগ রয়েছে।

আটটি ইউনিয়ন পরিষদে তালা দেওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিজানুর রহমান। তিনি বলেন, একটি পক্ষ ক্ষুব্ধ হয়ে এ ঘটনা ঘটিয়েছে। আগামী রোববার থেকে পরিষদগুলোর কার্যক্রম স্বাভাবিক হবে বলে তিনি আশা করছেন।